এল ক্লাসিকো ফাইনালে রিয়ালকে ৩–২ হারিয়ে শিরোপা জিতল বার্সা



সংগৃহীত ছবি

রুদ্ধশ্বাস এল ক্লাসিকোতে রিয়াল মাদ্রিদকে ৩–২ গোলে হারিয়ে স্প্যানিশ সুপার কাপ জিতেছে বার্সেলোনা। টানা দ্বিতীয়বার শিরোপা তুলে নিয়ে ১৪ বছর পর প্রথম দল হিসেবে ট্রফি ধরে রাখার কৃতিত্ব দেখাল কাতালানরা। ম্যাচের নায়ক ছিলেন দুই গোল করা রাফিনিয়া।

রোববার জেদ্দার কিং আব্দুল্লাহ স্পোর্টস সিটি স্টেডিয়ামে শুরু থেকেই দুই দলের লড়াই ছিল সমানে সমান। তবে আধাঘণ্টা পেরোতেই নিয়ন্ত্রণ নেয় বার্সা। ৩৬ মিনিটে রাফিনিয়ার দুর্দান্ত ফিনিশে এগিয়ে যায় তারা। বিরতির ঠিক আগে ভিনিসিয়ুস জুনিয়রের গোলে সমতা ফেরালেও অতিরিক্ত সময়ে লেভানডোভস্কি আবার লিড এনে দেন। কিন্তু গঞ্জালো গার্সিয়ার গোলেই ২–২ সমতায় শেষ হয় প্রথমার্ধ।

দ্বিতীয়ার্ধে রিয়াল চাপ বাড়ালেও ৭৩ মিনিটে আবার রাফিনিয়া ভাগ্য ও দক্ষতার মিশেলে বার্সাকে এগিয়ে দেন। শেষদিকে ডি ইয়ং লাল কার্ডে বেরিয়ে গেলে চাপ আরও বাড়ে। তবু গোলরক্ষক গার্সিয়ার দৃঢ়তায় শেষ পর্যন্ত লিড ধরে রাখে বার্সেলোনা।

শেষ বাঁশির সঙ্গে সঙ্গেই শুরু হয় কাতালানদের উৎসব। রিয়ালকে হারিয়ে মৌসুমের প্রথম এল ক্লাসিকোর হারের বদলা নেওয়ার পাশাপাশি টানা দ্বিতীয়বার সুপার কাপ ঘরে তুললো বার্সা। এটি তাদের মোট ১৬তম সুপার কাপ জয়।